



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-০১

০৩ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ: -----
১৭ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
(শরীয়াহু ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

প্রিয় মহোদয়,

জাতীয় সঞ্চয় বন্ডে পুনঃবিনিয়োগ প্রসঙ্গে।

জাতীয় সঞ্চয় বন্ড (ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউএস ডলার প্রিমিয়াম বন্ড) এর বিধিমালা/নীতিমালা সংশোধন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ৩ ডিসেম্বর ২০২০ তারিখের প্রজ্ঞাপন নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬.৭৯ ও ০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬.৮০ এর প্রেক্ষিতে ইতোপূর্বে জারিকৃত ২০ ডিসেম্বর ২০২০ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-০৯ এর অনুবৃত্তিক্রমে সঞ্চয় বন্ডে পুনঃবিনিয়োগ বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ৬ জানুয়ারি ২০২২ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৭.২০.২ নম্বর পত্রের নির্দেশনা নিম্নরূপ:

“অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৩-১২-২০২০ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬.৭৯ নম্বর প্রজ্ঞাপন জারির তারিখের মধ্যে পুনঃবিনিয়োগের কার্যক্রম সম্পন্ন না হয়ে থাকলে কিংবা প্রজ্ঞাপন জারির পর পুনঃবিনিয়োগের জন্য বন্ডধারক লিখিত অনুরোধ করে থাকলে সর্বোচ্চ ০১ (এক) কোটি টাকার পুনঃবিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন।”

উপর্যুক্ত নির্দেশনার আলোকে জাতীয় সঞ্চয় বন্ডে পুনঃবিনিয়োগের কার্যক্রম সম্পন্ন করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত

(খোন্দকার সিদ্দীকুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৩১